

## ১০,২০০ (দশহাজার দুইশত) পিস ইয়াবা ও ০৫(পাঁচ) গ্রাম হেরোইনসহ একজন শীর্ষ মাদক ব্যবসায়ী গ্রেফতার।



মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো: উপ অঞ্চলের একটি চৌকশ টিম অদ্য ০৪/০৪/২০১৭ ইং তারিখ বিকাল ০৬.০০ ঘটিকা হতে ৭.০০ ঘটিকায় রাজধানীর ওয়ারী থানাধীন দক্ষিণ মৈশুন্ডীর একটি ০৭ তলা ভবনের ০৬ তলার একটি ফ্ল্যাটে অভিযান পরিচালনা করে ১০,২০০(দশ হাজার দুইশত) পিস ইয়াবা ও ০৫ গ্রাম হেরোইনসহ আমীর হোসেন @ আলশাহরিয়ার রোকন (৪৪) নামীয়

একজন শীর্ষ মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ীর স্থায়ী ঠিকানা- সাং- কাগজ পুকুর পাড়, থানা- বেনাপোল পোর্ট, জেলা- যশোর। গোপন সংবাদে জানা যায়, আসামী একে এক সময় একে এক নাম ব্যবহার করে মাদক ব্যবসা পরিচালনা করে আসছে। সে পাসপোর্ট এবং জাতীয় পরিচয় পত্রে জিন্না জিন্না নাম ব্যবহার করেছে। উক্ত আসামীকে দীর্ঘ সময় ধরে নজরদারীতে রাখা হয়েছিল। জিজ্ঞাসাবাদে জানা যায় সে ঢাকার শাহজাহানপুরের সাদেক নামীয় একজন মাদক ব্যবসায়ীর নিকট হতে পাইকারী মূল্যে ক্রয় করে ঢাকার বিভিন্ন এলাকায় খুচরা মূল্যে বিক্রি করতেন। উক্ত আসামী মাদক সিন্ডিকেটের সক্রিয় সদস্য বলে গোপন তথ্যে জানা যায় এবং ব্যাপক জিজ্ঞাসাবাদে দীর্ঘ দিন যাবৎ বিভিন্ন কৌশল অবলম্বন করে ঢাকা শহরে ইয়াবা বিক্রি করার কথা তিনি স্বীকার করেন। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে ওয়ারী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর সংশ্লিষ্ট ধারায় ধানমন্ডি সার্কেলের পরিদর্শক জনাব সুমনুর রহমান বাদী হয়ে একটি নিয়মিত মামলা রুজু করে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো: উপ অঞ্চলের চলমান সাড়াশি অভিযানে আজ ঢাকার বিভিন্ন মাদক প্রবণ এলাকা থেকে ০১ কেজি গাঁজা, ১০ গ্রাম হেরোইন, ২২ গ্রাম লুপিজেসিক ইনজেকশন ও ইয়াবাসহ ০৮ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়। এছাড়াও গতকাল মোহাম্মদপুরস্থ জেনেভা ক্যাম্প এবং কাওরান বাজার রেলওয়ে বস্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও এপিবিএন এর যৌথ অভিযানে বিপুল পরিমাণ মাদকদ্রব্যসহ ০৫জন মাদকব্যবসায়ীকে গ্রেফতার করে সংশ্লিষ্ট থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।